



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫০৫/ঢাকা/ ১৬৭১

তারিখ: ৬/০৬/১৮

বিষয় : বিদ্যালয়ে নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ).৮৫, তারিখঃ ১৪/০৫/২০১৮।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১৮ তারিখ হতে মানবিক শাখায় নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান করা হলো।

- ১। আবশ্যিক বিষয়সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান, (চ) শারিরিক শিক্ষা স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, (ছ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, (জ) ভূগোল ও পরিবেশ, (ঝ) অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, (ঞ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
- ২। ঐচ্ছিক বিষয় : (যে কোন ১টি) পাঠ্যক্রম অনুযায়ী।

শর্তসমূহ :

- ১। নবম শ্রেণি খোলার অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। বিদ্যালয়ের নবম/১৮ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- ৩। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- ৪। বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে দাখিল করতে হবে।
- ৫। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
- ৬। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৭। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগতমান বৃদ্ধি করতে হবে।
- ৮। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- ৯। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১০। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১১। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১২। নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর প্রীতিশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক
শহীদ মডেল স্কুল,
তুরাগ, উত্তরা, ঢাকা।

মেমো নং- ১৬৭১ (এ)

তারিখ: ৬/০৬/১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৯। অফিস কপি।

৩০/৬/১৮
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৩০/৬/১৮